# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯২

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৩. কোন্ সাদাকা সর্বোত্তম?

## بَاب أَيُّ الصَّدَقَةِ أَفْضَلُ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّثَنَا مَالِكٌ عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسٍ قَالَ كَانَ أَبُو طَلْحَةَ أَكْثَرَ أَنْصَارِيٍّ بِالْمَدِينَةِ مَالًا نَخْلًا وَكَانَتْ أَحَبَّ أَمْوَالِهِ إِلَيْهِ بَيْرُحَاءُ وَكَانَتْ مُسْتَقْبِلَةَ الْمَسْجِدِ وَكَانَ يَدْخُلُهَا وَيَشْرَبُ مِنْ مَائِهَا طَيِّبٌ فَقَالَ أَنَسٌ فَلَمَّا أُنْزِلَتْ هَذِهِ الْآيَةُ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ قَالَ إِنَّ أَحَبَّ أَمْوَالِي إِلَيَّ بَيْرُحَاءُ وَإِنَّهَا صَدَقَةٌ لِلَّهِ أَرْجُو بِرَّهَا وَذُخْرَهَا عِنْدَ اللَّهِ فَضَعْهَا يَا رَسُولَ اللَّهِ حَيْثُ شِئْتَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَخٍ ذَلِكَ مَالٌ رَابِحٌ أَوْ رَائِحٌ وَقَدْ سَمِعْتُ مَا قُلْتَ فِيهِ وَإِنِّي أَرَى أَنْ تَجْعَلَهُ فِي الْأَقْرَبِينَ فَقَالَ أَبُو طَلْحَةَ أَفْعَلُ يَا رَسُولَ اللَّهِ فَقَسَّمَهُ أَبُو طَلْحَةَ فِي قَرَابَةِ بَنِي عَمِّهِ

বাংলা

১৬৯২. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, মদীনার আনসারগণের মধ্যে আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু সবচাইতে বেশি খেজুর বাগানের মালিক ছিলেন। মসজিদে নাববীর সম্মুখে অবস্থিত বায়রূহা নামক বাগানটি তাঁর নিকট অধিক প্রিয় ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম তাঁর বাগানে প্রবেশ করে এর সুপেয় পানি পান করতেন। আনাস রা: বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হলো: “তোমরা যা ভালবাস তা হতে ব্যয় না করা পর্যন্ত তোমরা কখনো পূণ্য লাভ করতে পারবে না”- (সূরা আলে ইমরাণ: ৯২)। তখন তিনি বললেন, আমার সকল মাল-সম্পদের মধ্যে বায়রূহা বাগানটিকে আমি অধিক ভালবাসি। ফলে এটিকে আল্লাহর নামে সাদাকাহ করা হলো। আমি এর সাওয়াব ও সঞ্চিত সম্পদ (বিনিময়) আ্ল্লাহর নিকটই আশা করি। তাই আপনি যাকে ইচ্ছা তাকে এটি দান করুন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “বেশ তো! এটি হচ্ছে লাভজনক কিংবা অগ্রাধিকারযোগ্য সম্পদ। তুমি যা বলেছো, তা আমি শুনেছি। আর আমি মনে করি, তুমি তোমার আত্মীয়-স্বজনদের মাঝে এটি বন্টন করে দাও।” তখন আবূ তালহা বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমি তাই করব। এরপর আবূ তালহা সেটি তাঁর চাচার বংশধর আত্মীয়-স্বজনদের মাঝে এটি বন্টন করে দিলেন।[1]

## ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মালিক, সাদাকা (২); বুখারী, যাকাত ১৪৬১; মুসলিম, যাকাত ৯৯৬। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৭৩২ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৩৪০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন